

দরপত্র বিজ্ঞপ্তি

অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্রের কাজ

প্রাইম ব্যাংক লিমিটেড, প্রস্তাবিত পোড়াদহ এস. এম. ই. শাখা, কুষ্টিয়া, কালিয়াকৈর শাখা, গাজীপুর, নবাবগঞ্জ শাখা, ঢাকা এবং হাতিবান্দা শাখা, লালমনিরহাট এর অভ্যন্তরীণ সাজসজ্জা ও আসবাবপত্রের কাজের জন্য প্রতিষ্ঠিত ও অভিজ্ঞতা সম্পন্ন আর্কিটেকচারাল/ইঞ্জিনিয়ারিং/ইন্টেরিওর ডেকোরেশন কোম্পানীর মধ্য থেকে আবদ্ধ খামে নিম্নবর্ণিত শিডিউল অনুযায়ী দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক	কাজের বিবরণ	দরপত্র ক্রয়ের সময়সীমা		প্রি-বিড মিটিং	দরপত্র জমার তারিখ
		হতে	পর্যন্ত		
১.	প্রস্তাবিত পোড়াদহ এস. এম. ই. শাখা, কুষ্টিয়া এর অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্রের কাজ।	০৭.০৭.২০১৫	২৭.০৭.২০১৫	২৩.০৭.২০১৫	২৭.০৭.২০১৫
২.	প্রস্তাবিত কালিয়াকৈর শাখা, গাজীপুর এর অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্রের কাজ।	১২.০৭.২০১৫	০৩.০৮.২০১৫	৩০.০৭.২০১৫	০৩.০৮.২০১৫
৩.	প্রস্তাবিত নবাবগঞ্জ শাখা, ঢাকা এর অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্রের কাজ।	২০.০৭.২০১৫	০৯.০৮.২০১৫	০৬.০৮.২০১৫	০৯.০৮.২০১৫
৪.	প্রস্তাবিত হাতিবান্দা শাখা, লালমনিরহাট এর অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাবপত্রের কাজ।	২০.০৭.২০১৫	০৯.০৮.২০১৫	০৬.০৮.২০১৫	০৯.০৮.২০১৫

দরপত্র ক্রয়ের শর্তাবলীঃ

- অগ্রহী প্রতিষ্ঠান নিম্নবর্ণিত তথ্যাদির প্রমান সাপেক্ষে দরপত্র ক্রয় করতে পারবেনঃ
 - ব্যাংকের প্রধান কার্যালয়/ শাখার অভ্যন্তরীণ সাজসজ্জা কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা;
 - একক কার্যাদেশের অধীনে ন্যূনতম ৩৫.০০ লক্ষ টাকার কাজের বাস্তব অভিজ্ঞতা;
 - সঠিক রেজিস্ট্রেশন, মালিকানার সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন, টিন নম্বর, হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং ব্যাংক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ।
- অগ্রহী প্রতিষ্ঠানকে দরপত্র ক্রয়ের জন্য ক্রমিক নং ১ এ উল্লিখিত তথ্যাদির প্রমান সহকারে নিম্নস্বাক্ষরকারী বরাবর একটি দরপত্র প্রদান করতে হবে।
- অগ্রহী প্রতিষ্ঠান উপরোক্ত সময়সীমার মধ্যে যে কোন কার্য দিবসে (সরকারী ছুটির দিন সমূহ ব্যতীত) দরপত্র ক্রয়ের ফি বাবদ প্রাইম ব্যাংকের নামে বাংলাদেশে কার্যরত যে কোন তপশিলী ব্যাংক হতে ২,০০০.০০ (টাকা দুই হাজার মাত্র) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার প্রদান করে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টার মধ্যে উপরোক্ত সকল তথ্য প্রমানাদিসহ নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে দরপত্র ক্রয় করতে পারবে।
- উল্লেখিত সময়সীমার পর কোন দরপত্র প্রদান করা হবে না।
- অগ্রহী প্রতিষ্ঠানকে নিম্নস্বাক্ষরকারীর অফিসে উপরে উল্লেখিত তারিখে বেলা ৩.০০ (তিন) টায় অভ্যন্তরীণ সাজসজ্জা এবং আসবাব পত্রের কাজের জন্য প্রি-বিড মিটিং এ অংশগ্রহন করতে হবে।
- দরপত্র অবশ্যই সিলযুক্ত আবদ্ধ খামে উল্লেখিত তারিখসমূহে বেলা ৩.০০ (তিন) টার মধ্যে জমা দিতে হবে এবং খামের উপর কাজের নাম উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে অবশ্যই প্রাইম ব্যাংক লিমিটেড এর নামে (বাংলাদেশে কার্যরত যে কোন তপশিলী ব্যাংক হতে ইস্যুকৃত) উদ্ধৃত (Quoted) প্রকল্প ব্যয়ের ২.৫% এর সমপরিমান অর্থের পে অর্ডার (ফেরতযোগ্য) আর্নেস্টমানি হিসাবে জমা দিতে হবে; ব্যর্থতায় দাখিলকৃত দরপত্র বাতিল বলে গন্য হবে।
- প্রাইম ব্যাংক কর্তৃপক্ষ যে কোন সময় কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে উপরোক্ত প্রস্তাবনা গ্রহণ অথবা সংযোজন বা বিয়োজন অথবা এক বা একাধিক প্রতিষ্ঠানকে কার্যাদেশ বন্টনের ক্ষমতা সংরক্ষন করে।
- উল্লেখিত সময়সীমার পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।

প্রধান কার্যালয়, ২৯, রাজউক এভিনিউ,
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৭১৬১৬৩২, ৯৫৬৭২৬৫ (৩৪৮)
www.primebank.com.bd



প্রাইম ব্যাংক লিমিটেড
একটি ব্যতিক্রমধর্মী ব্যাংক

সিনিয়র ভাইস প্রেসিডেন্ট
ফ্যাসিলিটি ম্যানেজমেন্ট ডিভিশন